# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 28.05.2024** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় রেমাল ক্রমশ শক্তি হারিয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে উত্তরবঙ্গে ভারি বৃষ্টির পূর্বাভাস। রাজ্য সরকার ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণের কাজ শুরু করেছে।

২) লোকসভা নির্বাচনের সপ্তম দফার প্রচারাভিযান গত দুদিন ঘূর্ণিঝড়ের কারণে বিঘ্নিত হলেও আজ থেকেই ফের জোরকদমে শুরু হবে। একই দিনে কলকাতা শহরে প্রচারের কর্মসূচী রয়েছে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর।

৩) রাজ্যে অষ্টাদশ লোকসভা ভোটের গণনা প্রস্তুতি নিয়ে আজ মুখ্য নির্বাচন আধিকারিক এর দপ্তরে এক উচ্চ পর্যায়ের বৈঠক হতে চলেছে।

৪) নির্বাচনী বিজ্ঞাপন নিয়ে বিজেপির দায়ের করা মামলায় হস্তক্ষেপ করতে সুপ্রিম কোর্ট রাজি হয়নি।

৫) কেন্দ্রীয় সরকার, রাজ্যের মুখ্যসচিব পদে ভগবতী প্রসাদ গোপালিকার কার্যকালের মেয়াদ ৩ মাস বৃদ্ধি করেছে।

-------------------------------------------------------------------------------------------

প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় রেমাল ক্রমশ শক্তি হারিয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। আগামী কয়েক ঘন্টায় সেটি আরও দুর্বল হয়ে নিম্নচাপের রূপ নেবে এবং আরও উত্তর-পূর্ব দিকে অগ্রসর হবে। এর প্রবাবে দক্ষিণবঙ্গের জন্য আপাতত বৃষ্টির আর কোনো সতর্কতা না থাকলেও উত্তরবঙ্গে আলিপুরদুয়ার, জলপাইগুড়ি এবং কোচবিহারে আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। সেই সঙ্গে থাকবে ঝোড়ো হাওয়ার দাপট। দার্জিলিং ও কালিম্পং জেলাতেও ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। ইতোমধ্যেই কোচবিহারে গতরাত থেকে বৃষ্টি শুরু হয়েছে। বিপর্যয়ের আশঙ্কায় প্রশাসনের বিভিন্ন দপ্তরে ছুটি বাতিল করা হয়েছে বলে জেলাশাসক অরবিন্দ কুমার মীনা জানিয়েছেন।

এদিকে, দক্ষিণবঙ্গে রেমালের দুর্যোগ কাটলেও আকাশের মুখ ভার। গত সন্ধ্যার পর থেকে আর ঝড়বৃষ্টি হয়নি। আবাহওয়ার উন্নতি হলে আজ সুন্দরবনে ফেরি পরিষেবা স্বাভাবিক হবে। ভারি বৃষ্টির জেরে জলমগ্ন দক্ষিণ ২৪ পরগণার নামখানা, সাগর, কাকদ্বীপ, পাথরপ্রতিমা ব্লকের চাষের জমি। ডুবেছে মিষ্টি জলের পুকুরও। ইতোমধ্যেই ত্রাণ শিবির থেকে মানুষরা বাড়ি ফিরতে শুরু করেছেন। তবে বিভিন্ন এলাকা এখনও বিদ্যুত্ বিহীন।

রাজ্য সরকার ঝড় বৃষ্টির ক্ষয়ক্ষতি নিয়ে জেলাগুলির কাছ থেকে বিস্তারিত রিপোর্ট তলব করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকার কাছ থেকে পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেন। পরে নিজের এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী জানান, রাজ্য সরকার আইন অনুযায়ী, উপযুক্ত ক্ষতিপূরণ দেবে। নিহতদের পরিবারের কাছেও পৌঁছে যাবে আর্থিক সহায়তা।

উল্লেখ্য, ঘূর্ণিঝড়ের তান্ডবে রাজ্যে শেষ খবর পাওয়া পর্যন্ত ৬ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে চারজনই ছেড়া তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে প্রাণ হারিয়েছেন।

এদিকে, টানা বৃষ্টির জেরে গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা একধাক্কায় স্বাভাবিকের সাড়ে ৮ ডিগ্রি নেমে দাঁড়ায় ২৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ২ দশমিক ২ ডিগ্রি কম।

----------------------

আসন্ন সপ্তম দফার নির্বাচনের প্রস্তুতিতেও ঘূর্ণিঝড় রিমালের বিরূপ প্রভাব পড়েছে। প্রথমিক সমীক্ষার পর উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনা দুই জেলা মিলিয়ে মোট ৪৮টা ভোটকেন্দ্র দুর্যোগের জেরে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে রাজ্য নির্বাচন দফতর সূত্রে জানা গেছে। বেশিরভাগ বুথেই জল ঢুকে ক্ষতি হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব দুই জেলার জেলাশাসকদের সঙ্গে গতকাল ভোট প্রস্তুতি নিয়ে ফোনে কথা বলেন। ক্ষতিগ্রস্থ ভোটকেন্দ্র গুলিতে যুদ্ধকালীন তৎপরতায় মেরামতির কাজ শেষ করতে নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে দুর্যোগের পর সব জেলার স্ট্রং-রুম গুলির অবস্থা পর্যালোচনা করে সেগুলির সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখার কথা বলেছেন তিনি।

----------------------

লোকসভা নির্বাচনের সপ্তম দফার প্রচারাভিযান গত দুদিন ঘূর্ণিঝড়ের কারণে বিঘ্নিত হলেও আজ থেকেই ফের জোরকদমে শুরু হবে। একই দিনে কলকাতা শহরে প্রচারের কর্মসূচী রয়েছে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর।

শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ দুপুরে বারাসাতে এবং বিকেলে যাদবপুর লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন। সন্ধ্যায় শ্যামবাজার পাঁচমাথা মোড় থেকে স্বামী বিবেকানন্দের বাড়ি সিমলা স্ট্রীট পর্যন্ত উত্তর কলকাতার প্রার্থীর সমর্থনে রোড শো করবেন তিনি। বাগবাজারে সারদা মায়ের বাড়িও যেতে পারেন বলে জানা যাচ্ছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিরাটি বণিক মোড় থেকে এয়ারপোর্ট আড়াই নম্বর গেট এবং এন্টালি বাজার থেকে পাকসার্কাস সাত মাথা মোড় পর্যন্ত দুটি রোড শো করবেন। বেহালা চৌরাস্তায় সন্ধ্যা ৬ টায় জনসভার কর্মসূচী রয়েছে তাঁর।

এছাড়াও আইএসএফ বিধায়ক নৌশাদ সিদ্দিকি আজ উত্তর ২৪ পরগণায় ৫ টি জনসভা করবেন। দমদম লোকসভা কেন্দ্রের কংগ্রেস সমর্থিত সিপিআইএম প্রার্থীর সমর্থনে প্রচার চালাবেন দলের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি।

----------------------

লোকসভা ভোটের শেষ দফায় পয়লা জুন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বিরোধী আইএনডিআইএ জোটের বৈঠক ডেকেছেন। তবে ঐদিন রাজ্যে ৯ টি আসনে ভোট থাকায় ঐ বৈঠকে যোগ দিতে পারেবন না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়ে দেন। কিন্তু দলের পক্ষ থেকে অন্য কোনো প্রতিনিধিও বৈঠকে যোগ দেবে কিনা, তা স্পষ্টভাবে জানানো হয়নি।

----------------------

রাজ্যে অষ্টাদশ লোকসভা ভোটের গণনা প্রস্তুতি নিয়ে আজ মুখ্য নির্বাচন আধিকারিক এর দপ্তরে এক উচ্চ পর্যায়ের বৈঠক হতে চলেছে। মুখ্য নির্বাচন আধিকারিকের নেতৃত্বে ঐ বৈঠকে উপস্থিত থাকবেন, দপ্তর সহ জেলা নির্বাচন আধিকারিকরা।

উল্লেখ্য, কঠোর ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থার মধ্যে আগামী চৌঠা জুন লোকসভা নির্বাচনের ভোট গণনা। প্রথমেই পোস্টার ব্যালট গোনা হবে। সকাল ৮টা থেকে শুরু হবে গণনার কাজ। গণনা কক্ষে একমাত্র রিটার্নিং অফিসার ছাড়া অন্য কেউ মোবাইল নিয়ে প্রবেশ করতে পারবেন না। গণনা কর্মী থেকে রাজনৈতিক দলের কাউন্টিং এজেন্ট দের সচিত্র পরিচয় পত্র নিয়ে প্রবেশ করতে হবে।

এদিকে আগামী পয়লা জুন শনিবার সপ্তম বা শেষ দফার ভোটগ্রহণ হতে চলেছে। এই পড়বে ভোট হবে তিন জেলার মোট নটিকেন্দ্রে। এগুলিই হলো দমদম বারাসাত বসিরহাট জয়নগর মথুরাপুর ডায়মন্ডহারবার যাদবপুর কলকাতা উত্তর এবং কলকাতার দক্ষিণ।। বুথের নিরাপত্তায় থাকবে ৯৬৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। রাজ্য পুলিশ মোতায়েন থাকবে ৩৩ হাজারের কিছু বেশি।

------------------------

রাজ্যে অষ্টাদশ লোকসভা ভোটের গণনা প্রস্তুতি নিয়ে আগামীকাল মুখ্য নির্বাচন আধিকারিক এর দপ্তরে এক উচ্চ পর্যায়ের বৈঠক হতে চলেছে। মুখ্য নির্বাচন আধিকারিকের নেতৃত্বে ঐ বৈঠাকে উপস্থিত থাকবেন, দপ্তরের কর্মী আধিকারিক সহ জেলা নির্বাচন অফিসাররা।

উল্লেখ্য, কঠোর ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থার মধ্যে আগামী চৌঠা জুন লোকসভা নির্বাচনের ভোট গণনা। প্রথমেই পোস্টাল ব্যালট গোনা হবে। সকাল ৮টা থেকে শুরু হবে গণনার কাজ। গণনা কক্ষে একমাত্র রিটার্নিং অফিসার ছাড়া অন্য কেউ মোবাইল নিয়ে প্রবেশ করতে পারবেন না। গণনা কর্মী থেকে রাজনৈতিক দলের কাউন্টিং এজেন্ট দের সচিত্র পরিচয় পত্র নিয়ে প্রবেশ করতে হবে।

এদিকে, আগামী পয়লা জুন শনিবার সপ্তম বা শেষ দফার ভোটগ্রহণ হতে চলেছে। এই পর্বে ভোট হবে তিন জেলার মোট নটিকেন্দ্রে। এগুলি হলো দমদম বারাসাত বসিরহাট জয়নগর মথুরাপুর ডায়মন্ডহারবার যাদবপুর কলকাতা উত্তর এবং কলকাতার দক্ষিণ।। বুথের নিরাপত্তায় থাকবে ৯৬৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।রাজ্য পুলিশ মোতায়েন থাকবে ৩৩ হাজারের কিছু বেশি।

জয়নগর লোকসভা কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

-----------------------

নির্বাচনী বিজ্ঞাপন নিয়ে বিজেপির দায়ের করা মামলায় হস্তক্ষেপ করতে সুপ্রিম কোর্ট রাজি হয়নি। বিচারপতি জে কে মহেশ্বরী এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের অবকাশকালীন বেঞ্চ গতকাল জানিয়েছেন, ঐ বিজ্ঞাপন আপাতদৃষ্টিতে অসম্মানজনক। রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার অর্থ শত্রুতা নয়, এর মাধ্যমে বিজেপি তাদের কোনো ইতিবাচক দিক তুলে ধরতে ব্যর্থ হয়েছে বলে শীর্ষ আদালতের পর্যবেক্ষণ।

উল্লেখ্য সংবাদমাধ্যমে বিজেপির ঐ বিজ্ঞাপনে আপত্তি জানিয়ে তৃণমূল কংগ্রেস হাইকোর্টের দ্বারস্থ হয়। বিচারপতি সব্যসাচী ভট্টাচার্যের সিঙ্গল বেঞ্চ বিজ্ঞাপনের ওপর

অন্তর্বর্তী নিষেধাজ্ঞা জারি করেন। পরে ডিভিশন বেঞ্চেও বিজেপির আর্জি খারিজ হয়ে যায়। হাইকোর্টের ঐ নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে গিয়েছিল বিজেপি।

-----------------------

বিজেপি, বাঁকুড়ার অতিরিক্ত পুলিশ সুপারের বিরুদ্ধে ইভিএম বদলের অভিযোগ করেছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য জানিয়েছেন, বিষ্ণুপুরে গতকাল বাঁকুড়ার অতিরিক্ত পুলিশ সুপার ও বিষ্ণুপুর থানার আইসি স্ট্রংরুমে প্রবেশের চেষ্টা করেন। তবে বিজেপির পক্ষ থেকে প্রতিবাদ ও আপত্তি জানানোর কারণে তারা সেই কাজ করতে পারেনি। শ্রী ভট্টাচার্য বলেন, দুর্ভাগ্যজনকভাবে সেখানে কেন্দ্রীয় বাহিনীও উপস্থিত ছিল না। বাঁকুড়ার বিদায়ী সাংসদ সৌমিত্র খান নির্বাচন কমিশনে এবিষয়ে অভিযোগ জানিয়েছেন। শ্রী ভট্টাচার্য অবিলম্বে এই ঘটনার তদন্ত এবং বাঁকুড়ার অতিরিক্ত পুলিশ সুপারকে সাসপেন্ড করার দাবিও জানিয়েছেন।

-----------------------

কেন্দ্রীয় সরকার, রাজ্যের মুখ্যসচিব পদে ভগবতী প্রসাদ গোপালিকার কার্যকালের মেয়াদ ৩ মাস বৃদ্ধি করেছে। আগামী ৩১ আগস্ট পর্যন্ত তিনি এই পদে দায়িত্বভার সামলাবেন। ৩১শে মে তাঁর অবসর নেওয়ার কথা ছিল। কিন্তু লোকসভা নির্বাচন চলায় মুখ্যসচিব পদের মেয়াদ বৃদ্ধির জন্য কেন্দ্রের কাছে আবেদন জানায় রাজ্য সরকার। সেই আবেদনে সাড়া মিলেছে। গতকালই অনুমোদন পত্র প্রধানমন্ত্রীর সচিবালয় থেকে নবান্নে এসে পৌঁছয়।

রাজ্যের সরকারি ও সরকার পোষিত স্কুলে গরমের ছুটি বাড়ছে। স্কুল শিক্ষা দফতরে জারি করা নতুন বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ১০ই জুন থেকে স্কুল

খুলবে। এর আগে তেসরা জুন স্কুল খোলার কথা ছিল। তবে শিক্ষক শিক্ষিকারা তিন তারিখ থেকেই স্কুলে আসবেন। কিন্তু পড়ুয়াদের স্কুলে আসতে হবে দশ তারিখ থেকে। সেদিন থেকেই শুরু হবে পঠন-পাঠন।

----------------------

স্কুল শিক্ষা দফতর সূত্রে খবর, ভোট প্রক্রিয়া সম্পূর্ণ না হওয়ায় কেন্দ্রীয় বাহিনী থাকাকালীন অবস্থায় স্কুল চালানো নিয়ে প্রথম থেকেই একটা সংশয় ছিল। বেশিরভাগ স্কুলে কেন্দ্রীয় বাহিনী থাকায় কোনোমতেই সেখানে ক্লাস করানো সম্ভব নয়। তারা চলে যাওয়ার পরও ক্লাসরুমগুলিকে ফের পঠন-পাঠনের উপযুক্ত করে তুলতে কিছুটা সময়ের প্রয়োজন। তাই এই ছুটির মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত।

এদিকে, বিদ্যালয়ের ছুটি বাড়ানোয় শিক্ষক মহলে সমালোচনার সৃষ্টি হয়েছে। শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিঙ্কর অধিকারী বলেন, আবহাওয়া যেহেতু অনুকূল তাই ভোটের ফলাফলের পরের দিন থেকে ছাত্র-ছাত্রীসহ সবার জন্য বিদ্যালয় খুলে দেওয়া উচিত। তার আগে বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন করার যথেষ্ট সময় রয়েছে বলে তিনি মনে করেন।

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হাণ্ডা স্কুল খোলার নির্দেশিকাকে বিভ্রান্তিমূলক বলে তা বাতিলের দাবি জানিয়েছেন।

শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি (STEA )'র সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেন, স্কুল খোলার ব্যাপারে রাজ্য শিক্ষা দপ্তরের অনীহা রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলির অকাল মৃত্যু এড়াতে আরো দায়িত্বশীল আচরন প্রত্যাশা করাই যায়।

----------------------

সন্দেশখালিতে জমি দখল সংক্রান্ত মামলায় এই প্রথম শেখ শাহজাহানের বিরুদ্ধে চার্জশিট জমা করেছে ইডি এবং সিবিআই। সেখানে শেখ শাহজাহান ছাড়াও নাম রয়েছে তার ভাই আলমগীর, ও দুই সঙ্গী দিদার বক্স এবং শিবু হাজরার। শাহজাহান গ্রেপ্তার হওয়ার ৫৬ দিনের মাথায় ১১৩ পাতার ঐ চার্জশিট জমা দেওয়া হল।

---------------------- ----------------------